

কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়। তারিখ: ১৩ জানুয়ারি ২০২৫।

১. ১০ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫ম এক্সট্রা অর্ডিনারি জেনারেল কাউন্সিল এর সভায় ফাউন্ডেশনের গ্রাচ্যুইটি নীতিমালা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত হয় যে গত ১৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত এক্সট্রা অর্ডিনারি জেনারেল কাউন্সিলের সভায় ফাউন্ডেশনের যে গ্রাচ্যুইটি নীতিমালাটি অনুমোদন হয়েছিল তা বাতিল করা হলো এবং ১৭ নভেম্বর ২০২৩ তারিখে অনুমোদিত গ্রাচ্যুইটি নীতিমালাটি পুনঃবহাল করা হলো। যা এ সাকুলারের ২ নং ক্রজে বর্ণিত হলো।

২. গ্রাচ্যুইটি নীতিমালাটি নিম্নরূপ:

ক. প্রত্যেক নিয়মিত কর্মীদের নিম্নলিখিত ছক অনুযায়ী গ্রাচ্যুইটি হিসাব করা হবে:

| চাকরির সময়কাল (নিয়োগের তারিখ থেকে)                     | গ্রাচ্যুইটির হিসাব                      |
|--|---|
| ১. তিন বছরের মধ্যে ফাউন্ডেশন ছেড়ে গেলে                  | ১. কোন গ্রাচ্যুইটি পাওয়া যাবে না       |
| ২. তিন বছরের উর্ধ্বে এবং ১০ বছর পর্যন্ত ফাউন্ডেশনে থাকলে | ২. সর্বশেষ মূল বেতনের উপর ১ X বছর       |
| ৩. দশ বছরের উর্ধ্বে এবং ১৫ বছর পর্যন্ত ফাউন্ডেশনে থাকলে  | ৩. সর্বশেষ মূল বেতনের উপর ১.৫ গুণ X বছর |
| ৪. ১৫ বছরের উর্ধ্বে এবং ২০ বছর পর্যন্ত ফাউন্ডেশনে থাকলে  | ৪. সর্বশেষ মূল বেতনের উপর ২ গুণ X বছর   |
| ৫. বিশ বছরের উর্ধ্বে ফাউন্ডেশনে থাকলে                    | ৫. সর্বশেষ মূল বেতনের উপর ৩ গুণ X বছর   |

- খ. কোনো কর্মী ফাউন্ডেশন ত্যাগ করলে গ্রাচ্যুইটি টাকা প্রদান করা হবে। তবে চাকরির বয়স তিন বছর পূর্ণ হওয়ার পূর্বে কোনো কর্মী ফাউন্ডেশন ত্যাগ করলে এ সুবিধা পাবেন না।
- গ. দাতা সংস্থার প্রকল্পের কর্মীদের বেলায় যখন যে প্রকল্পে গ্রাচ্যুইটি যত টাকা জমা (যদি হয়) হবে সেই পরিমাণ টাকা সেই কর্মী পাবেন এবং সে ক্ষেত্রে উপরে 'ক' বর্ণিত নিয়ম প্রযোজ্য হবে না।
- ঘ. যদি কোনো কর্মী চূড়ান্ত বরখাস্ত হন বা ফাউন্ডেশনের সাথে কোনো চুক্তি ভঙ্গ করেন তাহলে তার গ্রাচ্যুইটি বাজেয়াপ্ত হবে।
- ঙ. প্রত্যেক কর্মী তার যোগদানের তারিখ থেকে গ্রাচ্যুইটির হিসাব শুরু হবে।
- চ. যারা ইতিপূর্বে এ ফান্ড থেকে এককালীন টাকা নিয়েছেন তাদের ক্ষেত্রে সর্বশেষ হিসাবকৃত মোট গ্রাচ্যুইটি থেকে সমন্বয় করা হবে।
- ছ. কেন্দ্রীয় অর্থ বিভাগ সময়ে সময়ে বা কর্মীর চাহিদা অনুযায়ী গ্রাচ্যুইটি ফান্ডের সর্বশেষ স্থিতি গ্রাচ্যুইটি ফান্ডের সকল সদস্যকে জানাবেন।

প্রস্তাবনায়

Rezaul Karim Chowdhury  
Executive Director  
COAST Foundation

এম রেজাউল করিম চৌধুরী  
নির্বাহী পরিচালক ও সদস্য সচিব  
কোস্ট ফাউন্ডেশন

অনুমোদনে

Gawher Nayeem Wahid  
Vice Chairperson  
COAST Foundation

গওহার নঈম ওয়ারা  
ভাইস-চেয়ারপার্সন (ভারপাপ্ত চেয়ারপার্সন)  
কোস্ট ফাউন্ডেশন